



grey matter pr

PRESS CLIP

Publication:- Biswabanglasangbad.com (<https://biswabanglasangbad.com/2020/05/14/the-poor-should-be-given-food-and-medicine-centrally-advises-economist-kaushik-basu/>)

Date: - 14th May 2020

Page :-Online

Online panel discussion on “ COVID-19's Impact and Way Forward for India: An Economic Assessment” on 13th May organized by The Bengal Chamber

দেশ

দুঃস্থদের কেন্দ্রীয় ভাবে খাবার, ওষুধ পৌঁছে দিতে হবে, পরামর্শ অর্থনীতিবিদ কৌশিক বসু'র

By Suparna Dey - May 14, 2020



106 d, block-f
new alipore
kolkata 700 053
i n d i a

W +91 33 2445 2766
info@greymatterpr.com
www.greymatterpr.com

"ভয়াবহ করোনা-বিপর্যয় মোকাবিলা করতে হলে প্রথমেই আর্থিক ভাবে দুঃস্থ মানুষকে সুরাহা দিতে খাবার, ওষুধ কেন্দ্রীয় ভাবে সরাসরি পৌঁছে দিতে হবে। এদেশে প্রচুর অসাম্য রয়েছে। আমাদের এমন একটা ব্যবস্থা গ্রহণ করতে হবে যেখানে বিত্তবানেরা আরও বেশি করে আয়কর, স্বাস্থ্যকর দেবেন। আর যা গরিব মানুষের উপকারে কাজে লাগাতে হবে।"

দ্য বেঙ্গল চেম্বার আয়োজিত এক ওয়েবিনারে অংশ নিয়ে

বৃহস্পতিবার একথা বলেছেন ভারত সরকারের প্রাক্তন প্রধান আর্থিক উপদেষ্টা ড. কৌশিক বসু

"ভারতে করোনার প্রভাব এবং সেই সমস্যা কাটানো: একটি আর্থিক পরিমাপ", এই বিষয়েই ছিলো আলোচনা। বিশিষ্ট অর্থনীতিবিদ কৌশিক বসু ছাড়াও অংশ নেন আইএসআই-এর অর্থনীতির অধ্যাপক, রাজ্য শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগমের চেয়ারম্যান অভিরূপ সরকার, ন্যাশনাল ইন্সটিটিউট অফ পাবলিক ফিন্যান্স অ্যান্ড পলিসি-র অধ্যাপক এন আর ভানুমূর্তি, এক্জিম ব্যাঙ্কের প্রাক্তন ডেপুটি এম ডি এবং আইডিবিআই মিউচুয়াল ফান্ডের প্রাক্তন এমডি এবং সিইও দেবশিস মল্লিক, অ্যান্ড্রিস ব্যাঙ্কের প্রধান অর্থনীতিবিদ সৌগত ভট্টাচার্য এবং প্রাক্তন রাজস্ব এবং অর্থসচিব সুনীল মিত্র।

করোনা-ধাক্কা সামলে কী করে দেশের আর্থিক ব্যবস্থাকে আরও মজবুত করা যায়, সেই বিষয়ে ভারত সরকারের প্রাক্তন প্রধান আর্থিক উপদেষ্টা ড. কৌশিক বসু বলেন, "আমাদের মনে রাখতে হবে, বিশ্বের বড় বড় শিল্প সংস্থা আমাদের দেশ নিয়ে চিন্তিত। মার্চে ১৬ বিলিয়ন ডলারের পুঁজি এদেশ থেকে চলে গিয়েছে। যা একটা বাজারের ক্ষেত্রে সবথেকে বড় নিগমন। গত দু'বছরে ভারতে বৃদ্ধির ক্ষেত্রে অতিমন্দা দেখা দিয়েছে। অনেক বহুজাতিক সংস্থা এ দেশ ছেড়ে ভিন্ন দেশে পাড়ি দিচ্ছে। আমাদের সে ব্যাপারে খেয়াল রাখতে হবে। এমন সংস্কার দরকার যা আমাদের ভবিষ্যৎ নিরাপদ করবে।"

আইএসআই-এর অর্থনীতির অধ্যাপক অভিরূপ সরকার বলেন, 'ধাপে ধাপে লকডাউন তোলার পরিকল্পনা করা হচ্ছে। থমকে থাকা আর্থিক কাজকর্ম শুরু করতেই হবে। উৎপাদন শুরু করতেই হবে। সরবরাহকারীদের ভর্তুকি এবং সহায়তা দিতে হবে। ছোট উদ্যোগপতিদের জন্য কাজ শুরু করা বেশ অসুবিধার হবে। কারণ নিয়মিত আয়ের রাস্তা বন্ধ হয়ে গিয়েছে। মানুষকে কাজে যেতে হবে। তাই পরিবহণ ব্যবস্থায় ভর্তুকি এবং সাহায্য দিতে হবে। না হলে পরিবহণ ব্যবস্থা নিরাপদতর এবং সহজতর থাকবে না।"

সভা সঞ্চালনার দায়িত্বে ছিলেন অর্থনীতিবিদ তথা দ্য বেঙ্গল চেম্বারের আর্থিক বিষয়ক কমিটির সদস্য ড. অজিতাভ রায়চৌধুরি।